গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আঞ্চলিক ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৪

## আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এর আওতাধীন কাপ্তাই লেকে ২০২০-২১ , ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ-বছরে মৎস্য উৎপাদন হয়েছে যথাক্রমে ১৩৯১৫ মে.টন , ২০,১৯১ মে.টন এবং ১৮১৩০মে.টন (মে/২০২৩ খ্রি: পর্যন্ত) । একই সময়ে কাপ্তাই লেক সংলগ্ন অবতরণ কেন্দ্রে মৎস্য অবতরণ হয়েছে যথাক্রমে ১১০০৮ মে.টন, ৮৭৭৭ মে.টন এবং ৫৬৪৬ মে.টন (মে/২০২৩ খ্রি: পর্যন্ত) । এর বিপরীতে রাজস্ব আয় হয়েছে যথাক্রমে ১২১৩.২৮ লক্ষ টাকা, ১১৬৮.৭৯ লক্ষ টাকা ও ১১২.৯৮ লক্ষ টাকা। ২০২১-২০২২ অর্থবছরে বিএফডিসি'র মারিশ্যাচর হ্যাচারীতে সর্বোচ্চ পরিমাণ (৮৪ কেজি) রেনু উৎপাদন সম্ভব হয়েছে। সেই সাথে একই অর্থবছরে রেকর্ড পরিমাণ (৬০ মে.টন) কার্প জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয় ( হালদার পোনাসহ)। এছাড়া ২০১৯-২০২০ অর্থবছরে কাপ্তাই লেকে উদ্ভাবিত ডেবা নার্সারী'র পরিধি ২০২৩-২০২৪ অর্থ বছরে আরও বৃদ্ধি করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

 রাজস্ব ফাঁকি দিয়ে স্থানীয় বাজারে মৎস্য বিক্রির প্রবণতা বৃদ্ধি;
 সীমিত সংখ্যক জনবল, চেকপোস্টের অপ্রতুলতা ও নার্সারী পুকুরের অপ্রতুলতা;
 কাপ্তাই লেক এবং লেক সংযুক্ত নদীগুলোর নাব্যতা হ্রাস পাওয়া, হ্রদে পানির উচ্চতা হ্রাস;
 নিয়মিত তদারকির জন্য প্রয়োজনীয় স্থল ও জলযানের অভাব ও চাহিদার তুলনায় সীমিত নৌ পুলিশ;
 হ্রদে প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র ও বিচরন ক্ষেত্র নষ্ট হয়ে যাওয়া;
 কাপ্তাই উপকেন্দ্রের স্থায়ী প্যাকিং না থাকা ও ডিজিটাল স্কেলিং পদ্ধতিতে মাছ ওজনের ব্যবস্থা না থাকা;
 হ্রদে কচুরিপানা বৃদ্ধির দরুন হ্রদের পানি দূষণ হওয়া এবং প্রায়শঃই আভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থা ব্যহত হওয়া;
 কাপ্তাই হ্রদে অবৈধভাবে জাঁক স্থাপনের মাধ্যমে মা মাছসহ ২৩ সে.মি. এর নিচে সকল পোনা মাছ আহরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

 কাপ্তাই লেকের উপর প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করা , কাপ্তাই লেকে অভয়াশ্রম ৩% ( মোট জল আয়তনের ) থেকে বাড়িয়ে ৫.৫% এ উন্নীত করা;
 বিদ্যমান বরফকল ০২ টি আধুনিকায়ন করা , বিদ্যমান ০৪ টি মৎস্য অবতরণ কেন্দ্র অফিস/আবাসিক ভবন এবং রেস্ট হাউজ আধুনিকায়ন করা ও লেক সংলগ্ন এলাকায় ০১ টি শুটকী মহাল স্থাপন;
 রাঙ্গামাটি কেন্দ্রে অবতরণকৃত মাছ প্যাকিংয়ের সুবিধার্থে একটি অত্যাধুনিক প্যাকিং শেড স্থাপন করা এবং কাপ্তাই উপকেন্দ্রের স্থায়ী প্যাকিং শেড ও ডিজিটাল স্কেলিং এর ব্যবস্থা করা;
 কাপ্তাই লেকের মৎস্য উৎপাদন বৃদ্ধিতে নার্সারী পুকুরে অধিক হারে কার্প জাতীয় মাছ উৎপাদন ও লেকে অবমুক্তকরণ ;
 নার্সারি পুকুরের সংখ্যা বৃদ্ধিকরন, হ্যাচারীর সক্ষমতাবৃদ্ধিকরন ও ডেবা নার্সারীর পরিধি আরও বৃদ্ধি করা
 মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কেচকি জাল ( দৈর্ঘ ৭০০ ফুপ , প্রস্থ ২৫ ফুট এবং ফাস ০.৫ সে.মি) দ্বারা মাছ আহরণ নিশ্চিতকরণ;
 কাপ্তাই হ্রদকে অবৈধ দখলমুক্ত রাখতে অভিযান অব্যাহত রাখা ও কাপ্তাই লেকের নাব্যতা ফিরিয়ে আনার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- মৎস্য উৎপাদন , অবতরণের লক্ষ্যমাত্রা এবং রেণু ও পোনার উৎপাদন লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন;
- বরফ উৎপাদনের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন ও ডেবা নার্সারীর পরিধি কমপক্ষে দ্বিগুন করা
- রাঙ্গামাটি কেন্দ্রে একটি অত্যাধুনিক প্যাকিং শেড স্থাপন করা;
- কাপ্তাই উপকেন্দ্রের মৎস্য অবতরণ সংক্রান্ত সার্বিক কার্যক্রমের সহায়ক হিসেবে একটি নতুন রাস্তা নির্মাণ, কাপ্তাই উপকেন্দ্রের স্থায়ী প্যাকিং শেড ও ডিজিটাল স্কেলিং চালুকরণ;

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

আঞ্চলিক ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

স্বাস্থ্যসম্মত মাছ সরবরাহে সহায়তাকরণ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

কাপ্তাই লেক হতে আহরিত মাছ স্বাস্থ্যসম্মত উপায়ে অবতরণ, মৎস্য অবতরণ পরবর্তী অপচয় হ্রাসকরণ এবং মৎস্য বিপণন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে মৎস্যজীবী ও ব্যবসায়ীদের সহযোগীতা প্রদান ।

**১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র**

**১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধিকরণ
২. অভ্যন্তরীণ বাজারে মানসম্পন্ন ( স্বাস্থ্যসম্মত) মাছ বিপণন
৩. বাণিজ্যিকভাবে মৎস্য আহরণ

**১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

**১.৪ কার্যাবলি (Functions)**

১. কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;
২. কাপ্তাই লেক হতে আহরিত মাছ স্বাস্থ্যসম্মত উপায়ে অবতরণের সুবিধাদি প্রদান;
৩. কেন্দ্রের বরফকলে উৎপাদিত বরফ মৎস্য ব্যবসায়ীদের মাঝে সুষ্ঠুভাবে বিতরণ;
৪. মৎস্য ও মৎস্যজাত পণ্য প্রক্রিয়াকরণ, সংরক্ষণ ও অভ্যন্তরীণ বাজারে বিপণনে সহায়তা প্রদান;
৫. মৎস্য ব্যবসা/জেলে লাইসেন্স প্রদান।

# সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| অভ্যন্তরীণ বাজারে মানসম্পন্ন ও নিরাপদ মাছের সহজলভ্যতা | বিপণনকৃত মাছ | মে. টন | ৮৮৬৮ | ৫৬৪৬ | ৭৫০০ | ৭৬০০ | ৭৭০০ | মপ্রাম, বিএফডিসি | রেজিষ্টার |
| সরবরাহকৃত বরফ | সরবরাহকৃত বরফ | মে. টন | ২১৩৬ | ২৩২১ | ৩২০০ | ৩৩০০ | ৩৪০০ | মপ্রাম, বিএফডিসি | রেজিষ্টার |
| আহরিত মাছ | আহরিত মাছ | মে. টন | ২০২৮২ | ১৮১৩০ | ১৯৬০০ | ১৯৭০০ | ১৯৮০০ | মপ্রাম, বিএফডিসি | রেজিষ্টার |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন বৃদ্ধিকরণ | ৪০ | [১.১] কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন | [১.১.১] আহরিত মাছ | গড় | মে. টন | ১০ | ২০১৯১ | ১৮১৩০ | ১৯৬০০ | ১৮৫০০ | ১৭০০০ | ১৫৫০০ | ১৪০০০ | ১৯৭০০ | ১৯৮০০ |
| | | [১.২] লেকে মাছের পোনা অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনা | গড় | মে. টন | ১০ | ৬০.৩৩ | ২৩.৩০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৫৬ | ৫৭ |
| | | [১.৩] হ্যাচারীতে কার্প জাতীয় মাছের রেনু উৎপাদন | [১.৩.১] উৎপাদিত রেনু | গড় | কেজি | ১০ | ৮৪ | ৯ | ৬৮ | ৬২ | ৫৮ | ৫৫ | ৫০ | ৭০ | ৭২ |
| | | [১.৪] অবৈধ মৎস্য শিকার রোধে পরিচালিত অভিযান | [১.৪.১] পরিচালিত অভিযান | গড় | সংখ্যা | ১০ | ২৮৪ | ২০৮ | ২৩০ | ২১৫ | ২১০ | ২০০ | ১৯০ | ২৪০ | ২৫০ |
| [২] অভ্যন্তরীণ বাজারে মানসম্পন্ন ( স্বাস্থ্যসম্মত) মাছ বিপণন | ২০ | [২.১] লেক সংলগ্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্যসম্মতভাবে মাছ অবতরণ | [২.১.১] অবতরণকৃত মাছ | সমষ্টি | মে. টন | ২০ | ৮৮৬৭ | ৫৬৪৫ | ৭৫০০ | ৭০০০ | ৬০০০ | ৫৫০০ | ৫০০০ | ৭৬০০ | ৭৭০০ |
| [৩] বাণিজ্যিকভাবে মৎস্য আহরণ | ১০ | [৩.১] মাছের জন্য প্রয়োজনীয় বরফ সরবরাহকরণ | [৩.১.১] সরবরাহকৃত বরফ | সমষ্টি | মে .টন | ১০ | ২১৩৭ | ২৪৩২ | ৩২০০ | ২৮৮০ | ২৫৬০ | ২২৪০ | ১৯২০ | ৩৩০০ | ৩৪০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, আঞ্চলিক ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র, চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন হিসাবে আঞ্চলিক ব্যবস্থাপক, কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

আঞ্চলিক ব্যবস্থাপক
কাপ্তাই হ্রদ মৎস্য উন্নয়ন ও বিপণন কেন্দ্র

তারিখ

চেয়ারম্যান
বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আরটিআই (RTI) | রাইট টু ইনফরমেশন |
| ২ | ইউএনও (UNO) | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩ | ইউএফও (UFO) | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৪ | বামউক (BFDC) | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন |
| ৫ | বিএফআরআই (BFRI) | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট |
| ৬ | মঅ (DOF) | মৎস্য অধিদপ্তর |
| ৭ | সিসি (CC) | সিটিজেন চার্টার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন | [১.১.১] আহরিত মাছ | উৎপাদন বিভাগ | মাসিক প্রতিবেদন, রেজিস্টার বুক |
| [১.২] লেকে মাছের পোনা অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনা | উৎপাদন বিভাগ | মাসিক প্রতিবেদন, রেজিস্টার বুক |
| [১.৩] হ্যাচারীতে কার্প জাতীয় মাছের রেনু উৎপাদন | [১.৩.১] উৎপাদিত রেনু | উৎপাদন বিভাগ | মাসিক প্রতিবেদন, রেজিস্টার বুক |
| [১.৪] অবৈধ মৎস্য শিকার রোধে পরিচালিত অভিযান | [১.৪.১] পরিচালিত অভিযান | প্রশাসন বিভাগ | মাসিক প্রতিবেদন, রেজিস্টার বুক |
| [২.১] লেক সংলগ্ন অবতরণ কেন্দ্রে স্বাস্থ্যসম্মতভাবে মাছ অবতরণ | [২.১.১] অবতরণকৃত মাছ | মার্কেটিং বিভাগ | মাসিক প্রতিবেদন, রেজিস্টার বুক |
| [৩.১] মাছের জন্য প্রয়োজনীয় বরফ সরবরাহকরণ | [৩.১.১] সরবরাহকৃত বরফ | মার্কেটিং বিভাগ | মাসিক প্রতিবেদন, রেজিস্টার বুক |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| হ্যাচারীতে কার্প জাতীয় মাছের রেনু উৎপাদন | উৎপাদিত রেনু | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | পত্র যোগাযোগ ও আলোচনার মাধ্যমে |
| লেকে মাছের পোনা অবমুক্তকরণ | অবমুক্তকৃত পোনা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | পত্র যোগাযোগ ও আলোচনার মাধ্যমে |
| অবৈধ মৎস্য শিকার রোধে পরিচালিত অভিযান | পরিচালিত অভিযান | জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি | পত্র যোগাযোগ ও আলোচনার মাধ্যমে |
| হ্যাচারীতে কার্প জাতীয় মাছের রেনু উৎপাদন | উৎপাদিত রেনু | জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি | পত্র যোগাযোগ ও আলোচনার মাধ্যমে |
| লেকে মাছের পোনা অবমুক্তকরণ | অবমুক্তকৃত পোনা | জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি | পত্র যোগাযোগ ও আলোচনার মাধ্যমে |
| কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন | আহরিত মাছ | জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি | পত্র যোগাযোগ ও আলোচনার মাধ্যমে |
| কাপ্তাই লেকে মৎস্য উৎপাদন | আহরিত মাছ | মৎস্য অধিদপ্তর | পত্র যোগাযোগ ও আলোচনার মাধ্যমে |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ